দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৬৫

65

তারিখ ... 10 AUG. 1989 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# শুধু শিক্ষাঙ্গনে নয়, সর্বত্রই আজ সন্ত্রাস

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস প্রতিরোধ কর্মসূচীর অংশ হিসেবে আয়োজিত এক অভিভাবক সমাবেশে বক্তারা বলেছেন, শুধু শিক্ষাঙ্গনেই নয় সর্বত্রই সন্ত্রাস আজ মারাত্মক ব্যাধির রূপ নিয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে সরকারই এর মদদদাতা।

ডাকসু আয়োজিত এই সমাবেশ গতকাল বুধবার বিকেলে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ডাকসু'র ভারপ্রাপ্ত ভিপি মাহবুবুল হক লিটু। বক্তব্য রাখেন আইনজীবী সমন্বয় পরিষদের নেতা শামসুল হক চৌধুরী, সাংবাদিক ফয়েজ আহমদ, কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি

(শেষ পৃ: ৫-এর ক: দেখুন)

## শুধু শিক্ষাঙ্গনে নয়

(১ম পাতার পর)

অধ্যাপক ম.. আখতারুজ্জামান, ঐক্যবদ্ধ নারী সমাজের পক্ষে শিরীন বানু, একজন ছাত্রীর পিতা আমানুল্লাহ এবং ডাকসু'র জি এস মুশতাক হোসেন। সমাবেশ পরিচালনা করেন এজি এস নাসির-উদ-দুজা।

শামসুল হক বলেন, ক্যাম্পাসে সন্ত্রাসের জন্য ছাত্ররা দায়ী নয়। একটি শ্রেণী আছে যারা দেশজুড়ে সন্ত্রাস চালিয়ে যাচ্ছে। বিশ্ববিদ্যালয় পরিচালনায় অযোগ্যতাও সন্ত্রাসের একটি কারণ বলে তিনি উল্লেখ করেন।

ফয়েজ আহমেদ বলেন, সরকারী নীতিমালাই সন্ত্রাসের অন্যতম হোতা। এর বিরুদ্ধে প্রগতিশীল অসাম্প্রদায়িক শক্তিগুলোকে তিনি এক হবার আহ্বান জানান।

অধ্যাপক আখতারুজ্জামান বলেন, সন্ত্রাসবাদীরা বিভিন্ন দলের ছত্রছায়ায় থাকলেও মূলতঃ তারা সরকারী এজেন্ট। সন্ত্রাসের মাধ্যমে যারা ক্ষমতায় আসেন তাদেরকে সন্ত্রাস করেই টিকে থাকতে হয়। এর বিরুদ্ধে ঐতিহাসিক দায়িত্ব পালনের জন্যে তিনি ছাত্রসমাজের প্রতি আহ্বান জানান।

শিরীন বানু বলেন, আমাদের সন্তানদেরকে অনেকেই ব্যবহার করছে, তাদের হাতে অস্ত্র তুলে দিচ্ছে। তিনি এদের মুখোশ খুলে দেয়ার আহ্বান জানান।

৯ই ফেব্রুয়ারী ছাত্রী মিছিলে হামলায় আহত একজন ছাত্রীর পিতা আমানউল্লাহ বলেন, স্বৈরাচার সমাজের সকল স্তরে সন্ত্রাস ছড়িয়ে দিয়েছে। তাই সন্ত্রাস রুখতে হলে এর উৎসে আঘাত করতে হবে। এ লক্ষ্যে কাজ করতে তিনি ডাকসু'র প্রতি আহ্বান জানান।

### সভা

সন্ত্রাসবিরোধী পক্ষের অংশ হিসেবে গত মঙ্গলবার ডাকসু'র উদ্যোগে বিকেলে শাহবাগ মোড়ে এবং রাতে জসীমউদ্দীন হলে ছাত্র গণজমায়েত অনুষ্ঠিত হয়। এসব সমাবেশে বক্তৃতাকালে ডাকসু নেতৃবৃন্দ সন্ত্রাসবাদী ও মস্তানদের প্রতিরোধে সক্রিয় ভূমিকা রাখতে সবার প্রতি আহ্বান জানান।